



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

প্রশিক্ষণ ও উন্নয়ন

...

সভাপতি এহছানুল পারভেজ
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)
সভার তারিখ ০৩-০৫-২০২১, সোমবার
সভার সময় বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান “বৈঠক” দেশীয় অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি পরিশিষ্ট

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। বিগত ২৪.০৩.২০২১ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিম্নরূপ:

ক্রমিক	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	“উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক প্রশিক্ষণ আইসিটি বিভাগ আয়োজন করবে সেখানে বিসিসির উপস্থিতি ও আর্থিক সহায়তা করতে হবে।	বাস্তবায়িত। তবে প্রশিক্ষণটি অনলাইনে অনুষ্ঠিত হওয়ায় বিসিসির পক্ষ থেকে কোন আর্থিক সহায়তা প্রদান করতে হয় নাই।
০২	বিসিসি কর্তৃক আগামী ২০.০৪.২০২১ তারিখে বিসিসির উদ্ভাবিত উদ্যোগ সমূহ প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়িত। তবে সরকার কর্তৃক লকডাউন চলমান থাকায় শোকেসিং আয়োজনটি ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয় ২৭.০৪.২০২১ তারিখে।

আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক চিহ্নিত কার্যক্রম সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

ক) আগামী ১১.০৫.২০২১ তারিখে আইসিটি বিভাগের উদ্যোগে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হবে সেখানে বিসিসির “জি-ক্লাউড” উদ্ভাবনীটি সর্বোচ্চ দক্ষতার সাথে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রত্যাশা করা হয়।

বাস্তবায়নকারী: বিসিসি ইনোভেশন টিমের সকল সদস্য।

খ) “জি-ক্লাউড” উদ্ভাবনীটি বিসিসির আঞ্চলিক কার্যালয় সমূহে ব্যবহার নিশ্চিত করণের নিমিত্ত আঞ্চলিক কার্যালয়সমূহের দপ্তর প্রধানদের সাথে ০৪.০৫.২০২১ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় ভার্চুয়াল বৈঠকের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: সদস্য সচিব, বিসিসি ইনোভেশন টিম।

গ) আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক ১১.০৫.২০২১ তারিখে অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং-২০২১ উপলক্ষ্যে বিসিসির শোকেসিং কনটেন্ট ০৭.০৫.২০২১ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: সদস্য সচিব, বিসিসি ইনোভেশন টিম।

সভাপতি মহোদয় গত ২৭.০৪.২০২১ তারিখে বিসিসি কর্তৃক ইনোভেশন শোকেসিং-২০২১ সফলভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামিতেও এই ধারাবাহিকতা বজায় রাখার প্রত্যাশা ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:-

এহছানুল পারভেজ
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০৪৪.০১.০০১.২১.২৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮

০৭ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিকেআইআইসিটি শাখা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ২) সিনিয়র প্রোগ্রামার, ডাটা সেন্টার এন্টারপ্রাইজ সলিউশন ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৩) এনালিস্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি), চলতি দা., ডাটা সেন্টার, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৪) টেকনিক্যাল রাইটার, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

স্বা:-

এহছানুল পারভেজ
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)